
# QUARTERLY LABOUR FORCE SURVEY 2024
## BANGLADESH

## ত্রৈমাসিক শ্রমশক্তি জরিপ ২০২৪
### ১ম কোয়ার্টার (জানুয়ারি-মার্চ) এর
### গুরুত্বপূর্ণ সূচকসমূহের ফলাফল (সাময়িক)





শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রম বাজার তথ্যের উন্নয়ন প্রকল্প
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## শ্রমশক্তি জরিপ / Labour Force Survey

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক পরিচালিত জরিপগুলোর মধ্যে শ্রমশক্তি জরিপ একটি গুরুত্বপূর্ণ জরিপ। বাংলাদেশে ১৯৮০ সাল হতে এ জরিপ পরিচালিত হয়ে আসছে। শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রম বাজার তথ্যের উন্নয়ন প্রকল্প এর আওতায় শ্রমশক্তি জরিপ এর তথ্য সংগ্রহ কার্যক্রম ২০২২ এবং ২০২৩ সালে ধারাবাহিকভাবে প্রতি বছর (৩ মাস করে ৪টি কোয়ার্টারে) মাঠ পর্যায়ে CAPI (Computer Assisted Personal Interviewing) পদ্ধতিতে পরিচালনা করা হয়। ২০২২ সালে ১৪ তম শ্রমশক্তি জরিপ ত্রৈমাসিক ভিত্তিতে করা হয়েছে এবং চূড়ান্ত প্রতিবেদন ইতোমধ্যে প্রকাশ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় আন্তর্জাতিক মানদন্ড অনুসরণপূর্বক ১৫ তম শ্রমশক্তি জরিপ ২০২৩ এর তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে এবং চারটি কোয়ার্টারের প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বার্ষিক সাময়িক প্রাক্কলন প্রদান করা হয়েছে।।

শ্রমশক্তি জরিপ এ ১৫ বছর ও তদুর্ধ্ব বয়সী পুরুষ-মহিলা এবং শহর-পল্লি অঞ্চল অনুযায়ী জাতীয় পর্যায়ে শ্রম বাজারের সূচকসমূহ ত্রৈমাসিক ভিত্তিতে প্রাক্কলন করা হয়। দেশব্যাপী ১২৮৪ টি নির্বাচিত নমুনা এলাকায় দৈবচয়নের ভিত্তিতে ২৪টি করে সর্বমোট ৩০,৮১৬টি খানায় (বছরে ১২৩,২৬৪টি খানায়) ত্রৈমাসিক ভিত্তিতে তথ্য সংগ্রহ করা হয়। দেশের ৬৪টি জেলায় ১০৭ জন (মহিলা ৫৭ জন এবং পুরুষ ৫০ জন) প্রশিক্ষিত তথ্য সংগ্রহকারীগণের মাধ্যমে মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ করা হয়। এ জরিপের মাধ্যমে প্রাপ্ত তথ্য হতে শ্রমশক্তি, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার সূচকসমূহের অগ্রগতি, ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার অগ্রগতি নির্ণয়ক সূচক এবং সর্বোপরি জাতীয় শ্রমশক্তির সুষ্ঠু ব্যবহার ও কর্মসংস্থান এবং বেকারত্ব নিরসনে পরিকল্পনা প্রণয়ন সম্ভব হবে। এ জরিপের মাধ্যমে লিঙ্গভিত্তিক কর্মসংস্থান, বেকারত্ব, শ্রম অভিবাসন ব্যয়, খাত এবং পেশাভেদে শ্রমশক্তি, প্রাতিষ্ঠানিক এবং অ-প্রাতিষ্ঠানিক কর্মসংস্থান, কর্মঘন্টা এবং মজুরি সংক্রান্ত পরিসংখ্যান প্রস্তুত করা হয়। এ জরিপের মাধ্যমে শ্রমবাজারের মৌসুমভিত্তিক তারতম্য সংশ্লিষ্ট তথ্যাদিও পাওয়া যায়।

শ্রমশক্তি জরিপ ২০২৪-এ রোটেটিং প্যানেল স্যাম্পলিং ব্যবহার করা হয়েছে এবং ১ম কোয়ার্টার (জানুয়ারি-মার্চ ২০২৪) এর তথ্য সংগ্রহ কার্যক্রম ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে ত্রৈমাসিক শ্রমশক্তি জরিপ ২০২৪ এর গুরুত্বপূর্ণ সূচকের (লিঙ্গভেদে শ্রমশক্তি, কর্মে নিয়োজিত, সেক্টরভিত্তিক কর্মে নিয়োজিত, বেকারত্বের হার, শ্রমশক্তির বাহিরে অবস্থিত জনগোষ্ঠী, শ্রমশক্তিতে অংশগ্রহণের হার, যুব শ্রমশক্তি) ফলাফল প্রস্তুত করা হয়েছে। এছাড়াও, এ প্রকল্পের আওতায় ২০২৪-২৫ অর্থবছরে শ্রম চাহিদা জরিপ পরিচালিত হবে।




## শ্রমশক্তি / Labour Force

(মিলিয়ন)

| শ্রমশক্তি | শ্রমশক্তি জরিপ ২০২৪ ১ম কোয়ার্টার | শ্রমশক্তি জরিপ ২০২৩ ১ম কোয়ার্টার | শ্রমশক্তি জরিপ ২০২৩ (বার্ষিক-সাময়িক) | শ্রমশক্তি জরিপ ২০২২ (বার্ষিক) |
|---|---|---|---|---|
| মোট | ৭৩.৭৫ | ৭৩.৬৯ | ৭৩.৪৫ | ৭৩.০৫ |
| পুরুষ | ৪৮.৪৫ | ৪৮.২৫ | ৪৮.১১ | ৪৭.২৭ |
| মহিলা | ২৫.৩০ | ২৫.৪৪ | ২৫.৩৪ | ২৫.৭৮ |

শ্রমশক্তি বলতে ১৫ ও তদুর্ধ্ব বয়সী কর্মে নিয়োজিত এবং বেকার জনগোষ্ঠীর সমষ্টিকে বোঝায়





শ্রমশক্তি=কর্মে নিয়োজিত জনগোষ্ঠী+বেকার জনগোষ্ঠী

## কর্মে নিয়োজিত জনগোষ্ঠী / Employed Population

ILO এর গাইডলাইন অনুযায়ী যারা বিগত ৭ দিন সময়ে কমপক্ষে ১ ঘণ্টা বেতন/মজুরি বা মুনাফার বিনিময়ে অথবা খানার নিজস্ব ভোগের জন্য পণ্য উৎপাদনমূলক কাজ করেছে তারাই মূলত কর্মে নিয়োজিত (Employed) হিসেবে বিবেচিত হন।

(মিলিয়ন)

| কর্মে নিয়োজিত জনগোষ্ঠী | শ্রমশক্তি জরিপ ২০২৪ ১ম কোয়ার্টার | শ্রমশক্তি জরিপ ২০২৩ ১ম কোয়ার্টার | শ্রমশক্তি জরিপ ২০২৩ (বার্ষিক-সাময়িক) | শ্রমশক্তি জরিপ ২০২২ (বার্ষিক) |
|---|---|---|---|---|
| মোট | ৭১.১৬ | ৭১.১০ | ৭০.৯৮ | ৭০.৪৭ |
| পুরুষ | ৪৬.৭১ | ৪৬.৫৪ | ৪৬.৪৭ | ৪৫.৬১ |
| মহিলা | ২৪.৪৫ | ২৪.৫৬ | ২৪.৫১ | ২৪.৮৬ |






## বেকার জনগোষ্ঠী /Unemployed Population

বেকার জনগোষ্ঠী মূলত তারাই যারা বিগত ০৭ দিন সময়ে কমপক্ষে ১ ঘন্টাও কোন কাজ করেনি কিন্তু কাজ করার জন্য প্রস্তুত ছিলেন এবং বিগত ৩০ দিনে বেতন/মজুরি বা মুনাফার বিনিময়ে কোন না কোন কাজ খুঁজেছেন।

(মিলিয়ন)

| বেকার জনগোষ্ঠী | শ্রমশক্তি জরিপ ২০২৪ ১ম কোয়ার্টার | শ্রমশক্তি জরিপ ২০২৩ ১ম কোয়ার্টার | শ্রমশক্তি জরিপ ২০২৩ (বার্ষিক-সাময়িক) | শ্রমশক্তি জরিপ ২০২২ (বার্ষিক) |
|---|---|---|---|---|
| মোট | ২.৫৯ | ২.৫৯ | ২.৪৭ | ২.৫৮ |
| পুরুষ | ১.৭৪ | ১.৭১ | ১.৬৪ | ১.৬৬ |
| মহিলা | ০.৮৫ | ০.৮৮ | ০.৮৩ | ০.৯২ |




## বেকারত্বের হার / Unemployment Rate (%)

| বেকারত্বের হার | শ্রমশক্তি জরিপ ২০২৪ ১ম কোয়ার্টার | শ্রমশক্তি জরিপ ২০২৩ ১ম কোয়ার্টার | শ্রমশক্তি জরিপ ২০২৩ (বার্ষিক-সাময়িক) | শ্রমশক্তি জরিপ ২০২২ (বার্ষিক) |
|---|---|---|---|---|
| মোট | ৩.৫১ | ৩.৫১ | ৩.৩৬ | ৩.৫৩ |
| পুরুষ | ৩.৫৯ | ৩.৫৪ | ৩.৪০ | ৩.৫০ |
| মহিলা | ৩.৩৬ | ৩.৪৬ | ৩.২৮ | ৩.৫৯ |

$$\text{বেকারত্বের হার} = \frac{\text{বেকার জনগোষ্ঠী}}{\text{মোট শ্রমশক্তি}} \times ১০০$$

## শ্রমশক্তির বাহিরে জনগোষ্ঠী / Not in Labour Force

যারা কর্মে নিয়োজিত নন অথবা বেকার হিসেবেও বিবেচিত নন তারাই মূলত শ্রমশক্তির বাহিরে জনগোষ্ঠী। যেমন-সাধারণত ছাত্র, অসুস্থ্য, বয়স্ক, কাজ করতে অক্ষম, অবসরপ্রাপ্ত এবং কর্মে নিয়োজিত নন বা নিয়োজিত হতে অনিচ্ছুক এমন গৃহিণীরা এর অর্ন্তভুক্ত।

(মিলিয়ন)


| শ্রমশক্তির বাহিরে অবস্থিত জনগোষ্ঠী | শ্রমশক্তি জরিপ ২০২৪ ১ম কোয়ার্টার | শ্রমশক্তি জরিপ ২০২৩ ১ম কোয়ার্টার | শ্রমশক্তি জরিপ ২০২৩ (বার্ষিক-সাময়িক) | শ্রমশক্তি জরিপ ২০২২ (বার্ষিক) |
|---|---|---|---|---|
| মোট | ৪৮.২৬ | ৪৬.৩৯ | ৪৭.১৮ | ৪৬.৩২ |
| পুরুষ | ১১.৬৮ | ১১.১৯ | ১১.৫৪ | ১১.৮২ |
| মহিলা | ৩৬.৫৮ | ৩৫.২০ | ৩৫.৬৪ | ৩৪.৫০ |



## শ্রমশক্তিতে অংশগ্রহণকারীর হার / Labour Force Participation Rate (%)

| শ্রমশক্তিতে অংশগ্রহণকারীর হার | শ্রমশক্তি জরিপ ২০২৪ ১ম কোয়ার্টার | শ্রমশক্তি জরিপ ২০২৩ ১ম কোয়ার্টার | শ্রমশক্তি জরিপ ২০২৩ (বার্ষিক-সাময়িক) | শ্রমশক্তি জরিপ ২০২২ (বার্ষিক) |
|---|---|---|---|---|
| মোট | ৬০.৪৫ | ৬১.৩৭ | ৬০.৮৯ | ৬১.২০ |
| পুরুষ | ৮০.৫৮ | ৮১.১৭ | ৮০.৬৫ | ৮০.০০ |
| মহিলা | ৪০.৮৯ | ৪১.৯৫ | ৪১.৫৬ | ৪২.৭৭ |

$$\text{শ্রমশক্তিতে অংশগ্রহণকারীর হার} = \frac{\text{শ্রমশক্তি}}{\text{১৫ ও তদুর্ধ্ব বয়সী মোট জনসংখ্যা}} \times ১০০$$




## যুব শ্রমশক্তি (১৫-২৯ বছর বয়সী) / Youth Labour Force

**পুরুষঃ ১৩.০৫ মিলিয়ন**
**মহিলাঃ ১২.৮৭ মিলিয়ন**



**মোট ঃ ২৫.৯২ মিলিয়ন**

(মিলিয়ন)

| যুব শ্রমশক্তি (১৫-২৯ বছর বয়সী) | শ্রমশক্তি জরিপ ২০২৪ ১ম কোয়ার্টার | শ্রমশক্তি জরিপ ২০২৩ ১ম কোয়ার্টার | শ্রমশক্তি জরিপ ২০২৩ (বার্ষিক-সাময়িক) | শ্রমশক্তি জরিপ ২০২২ (বার্ষিক) |
|---|---|---|---|---|
| মোট | ২৫.৯২ | ২৭.৩৮ | ২৬.৭৪ | ২৬.৮২ |
| পুরুষ | ১৩.০৫ | ১৪.০৩ | ১৩.৫৯ | ১৩.৫৬ |
| মহিলা | ১২.৮৭ | ১৩.৩৫ | ১৩.১৫ | ১৩.২৬ |

## সেক্টরভিত্তিক কর্মে নিয়োজিত জনগোষ্ঠী / Employed Population by Sector

(মিলিয়ন)

| সেক্টরভিত্তিক কর্মে নিয়োজিত জনগোষ্ঠী | শ্রমশক্তি জরিপ ২০২৪ ১ম কোয়ার্টার | শ্রমশক্তি জরিপ ২০২৩ ১ম কোয়ার্টার | শ্রমশক্তি জরিপ ২০২৩ (বার্ষিক-সাময়িক) | শ্রমশক্তি জরিপ ২০২২ (বার্ষিক) |
|---|---|---|---|---|
| মোট | ৭১.১৬ | ৭১.১০ | ৭০.৯৮ | ৭০.৪৭ |
| কৃষি | ৩১.৮৩ | ৩১.৯৪ | ৩১.৫২ | ৩১.৯৮ |
| শিল্প | ১২.৭৫ | ১২.২৫ | ১২.২৪ | ১১.৯৭ |
| সেবা | ২৬.৫৮ | ২৬.৯১ | ২৭.২২ | ২৬.৫২ |

কৃষি



৩১.৮৩ (মিলিয়ন)

শিল্প




১২.৭৫ (মিলিয়ন)

সেবা




২৬.৫৮ (মিলিয়ন)

### সেক্টরভিত্তিক কর্মে নিয়োজিত জনগোষ্ঠীর হার (%)




## এক নজরে লিঙ্গভেদে শ্রমশক্তি কর্মে নিয়োজিত এবং বেকার জনগোষ্ঠী




## কর্মক্ষম জনসংখ্যা (জানুয়ারি-মার্চ ২০২৪)

মোট প্রাক্কলিত জনসংখ্যা ১৭২.৯৪ মিলিয়ন
১৫ ও তদুর্ধ্ব বয়সী কর্মক্ষম জনসংখ্যা ১২২.০১ মিলিয়ন
(পুরুষ- ৬০.১৩ মিলিয়ন, মহিলা- ৬১.৮৮ মিলিয়ন)

# ত্রৈমাসিক শ্রমশক্তি জরিপ ২০২৪

QUARTERLY
LABOUR
FORCE
SURVEY 2024
BANGLADESH

শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রম বাজার তথ্যের উন্নয়ন প্রকল্প
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ভবন, ই-২৭/এ আগারগাঁও, ঢাকা
www.bbs.gov.bd